

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০১১.১৪- ৭৬২

তারিখঃ ২০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ
২৭ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ

প্রাপকঃ বেগম নাজমুন নাহার
উপজেলা মহিলা বিষয়ক অফিসার
কচুয়া, বাগেরহাট।

বিষয়ঃ গবেষণা কার্য সম্পাদনের জন্য বৃত্তি লাভের আবেদন প্রসঙ্গে।

সূত্রঃ গবেষকের ২২/০৮/২০১৯খ্রিঃ তারিখের আবেদন।


গবেষণার শিরোনামঃ *Globalization Cities and Social: A Case Study of Dhaka City, Bangladesh* – শীর্ষক
এমফিল গবেষণা।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, আপনার এবং ‘সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ’-এর মধ্যে গত ০৩/০২/২০১৪খ্রিঃ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী এমফিল গবেষণার মেয়াদ ১২ (বার) মাস ও বরাদ্দের পরিমাণ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং বরাদ্দকৃত অর্থ মোট ০৪ (চার) কিস্তিতে প্রদেয়। উল্লেখ্য নিধরিত সময়ে গবেষণাটি শেষ করতে না পারায় এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক এমফিলের সময় বৃদ্ধি ও সুপারভাইজার পরিবর্তন করলেও পরিষদকে তা যথাসময়ে অবহিত না করায় বা নীতিমালা অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধির আবেদন না করায় বা কোন ধরনের পত্র যোগাযোগ না করায় চুক্তির শর্ত ১(ঙ) ও (চ) অনুযায়ী আপনার সাথে সম্পাদিত চুক্তি ২৯/১০/২০১৫খ্রিঃ তারিখে বাতিলপূর্বক আপনাকে পত্র মারফত জানিয়ে দেয়া হয়।

০২। এমতাবস্থায়, পরিষদের সাথে সম্পাদিত চুক্তি বাতিল হওয়ায় আপনার উক্ত শিরোনামযুক্ত এমফিল গবেষণার বিপরীতে মঞ্জুরিকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধ করা সম্ভব নয় মর্মে পুনরায় নির্দেশক্রমে জানাচ্ছি।

আপনার বিশ্বস্ত



(ড. উত্তম কুমার দাস)
উপসচিব
ফোনঃ ৯১৮০৫৯৮

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০১১.১৪- ৭৬২

তারিখঃ ২০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ
২৭ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা/গবেষণা কর্মকর্তা-২, পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (এসএসআরসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সংশ্লিষ্ট নথি।


(ড. উত্তম কুমার দাস)
উপসচিব